



সাজেকে অবরোধকারীদের সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর গোলাগুলি



ছবি: সংগৃহীত

রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার সাজেক ইউনিয়নের উজোবাজার এলাকায় সড়ক অবরোধকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও অবরোধকারীদের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (২২ অক্টোবর) বেলা ১১টার দিকে পর্যটকদের নিরাপদে খাগড়াছড়ি নেওয়ার পথে এ ঘটনা ঘটে। সকাল সাড়ে ৮টার দিকে আইনশৃঙ্খলা বাহিনীর বিশেষ নিরাপত্তায় সাজেক থেকে প্রায় তিন হাজার পর্যটক খাগড়াছড়ির উদ্দেশে রওনা হন। তবে উজোবাজার এলাকায় পৌঁছালে তাঁদের গাড়িবহর অবরোধের মুখে পড়ে। পরে আইনশৃঙ্খলা বাহিনী ব্যারিকেড সরানোর চেষ্টা করলে গোলাগুলি শুরু হয়। সর্বশেষ খবর অনুযায়ী, পর্যটকেরা নিরাপদে দীঘিনালার কাছাকাছি পৌঁছেছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় অতিরিক্ত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করা হয়েছে।

আঞ্চলিক দুই রাজনৈতিক সংগঠনের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিরোধের জেরে সাজেক গণঅধিকার রক্ষা কমিটি ও কার্বারি অ্যাসোসিয়েশন এ সড়ক অবরোধের ডাক দেয় বলে জানা গেছে।

তবে অভিযোগ অস্বীকার করেছেন জনসংহতি সমিতির (জেএসএস) কেন্দ্রীয় তথ্য ও প্রচার সম্পাদক সজীব চাকমা। তাঁর দাবি, ইউপিডিএফ ষড়যন্ত্রমূলক অপপ্রচার চালাচ্ছে এবং সাজেকে তাদের কর্মকাণ্ড থেকে মানুষের দৃষ্টি সরানোর চেষ্টা করছে।